

# আত্মকথা



১৫ জুলাই, ২০২৩

তেইশে পা দিয়েছে আল্লাজা ... সেই সাথে আত্মকথাও । প্রথমদিকের অনিশ্চিত অনিয়মিত প্রকাশ এর সমস্ত বাধা বিপত্তি আমরা পিছনে ফেলে এসেছি। আত্মকথা এখন বছরে দু'বার নিয়মিত প্রকাশিত হচ্ছে । এই অভ্যাস যদি ধরে রাখতে চাই আমাদের আরো আরো লেখা , ছবি , গল্প , কবিতা চাই সদস্যদের কাছ থেকে ... কারণ বলার তো আছে অনেক কিছুই ... আর সেই সমস্ত কথা সবাইকে শোনাবার জন্য আত্মকথাই তো আমাদের একমাত্র মুখপত্র... তাই সবার কাছে আরো একবার আবেদন রইলো ... লেখার জন , ছবির জন্য , কবিতার জন্য... বন্ধুরা ! সাদা দিন...

সম্পাদক মন্ডলীর পক্ষ থেকে

( প্রচ্ছদের ছবিটি ইন্টারনেট থেকে সংগৃহীত )

## সম্পাদকের কলমে

সময়ের স্রোতে অনেক ঘটনা ঘটে চলেছে। সুবীরকে হারানোর পর আমরা ওরই ব্যবস্থা করে যাওয়া স্পটে পিকনিক করেছি গত ৮ই জানুয়ারী। সেদিন সুবীরের নামে আল্লখতার বিশেষ স্মরণ সংখ্যা প্রকাশিত হয়। তারপর যে যার জায়গায় ফিরে গেছি। বড়রা তাঁদের কর্মস্থলে, আর ছোটরা স্কুল-কলেজে। আবার কারুর ব্যস্ততা বেড়ে গেছে বোর্ডের পরীক্ষার প্রস্তুতিতে। কিছুদিন পরেই খবর আসে যে আমাদের ব্রতপর্ণা, তিয়াসা ও অনুরাগ বারোক্লাস পাস করে কলেজের পথে পা বাড়িয়েছে। এ আমাদের বড় আনন্দের ও সুখের খবর। যাদের ছোট-ছোট পায়ে টলতে টলতে হাঁটতে দেখেছি, তারাই আজ কাঁধে ব্যাগ ঝুলিয়ে কলেজে যাচ্ছে। আমাদের সকলের তরফ থেকে তোমাদের জন্য রইল অসংখ্য আশীর্বাদ ও আন্তরিক শুভেচ্ছা।

আমরা এবারের বার্ষিক সাধারণ সভা করেছি ২৫শে জুন তারিখে। ইতিমধ্যে আল্লজার কার্যনির্বাহী কমিটির একটা অন-লাইন মিটিং হয়েছে ২৯শে এপ্রিল তারিখে। এবারের বার্ষিক সাধারণ সভায় নতুন কার্যনির্বাহী কমিটি তৈরী হয়েছে পরবর্তী দু'বছরের জন্য। সেই নতুন কমিটির জন্যও রইল অসংখ্য শুভেচ্ছা। তবে সাধারণ সভার পরে রবীন্দ্র-নজরুলজয়ন্তী উপলক্ষ্যে যে স্বতস্ফূর্ত সাংস্কৃতিক অনুষ্ঠানটা হল, তার তুলনা মেলা ভার।

বর্ষা এসে গেল। এই লেখা যখন পাঠকদের কাছে পৌঁছাবে, তখন হয়তো বর্ষা তার সম্পূর্ণ রূপ ধারণ করে আমাদের দৈনন্দিন জীবনকে বিপর্যস্ত করে তুলবে। গ্রীষ্মের দাবদাহের তুলনায় তা কতটা অসহনীয়, তা সময় বলবে। তবে এই মুহূর্তে বৃষ্টিও পড়ছে, আবার গরমও কমেনি। তাই আমরা এখন জোড়া চাপে আছি। অবশ্য গরমের বিক্রম হয়তো একটু কম, আর বৃষ্টিও সেরকম অবিরাম পড়ছেনা। তাই, জোড়া চাপ হলেও, চাপ একটু কম।

গত বছরের সাধারণ সভা থেকে এবারের সাধারণ সভা পর্যন্ত আমরা সাতজন নতুন সদস্য পরিবার পেয়েছি। তাদের সবাইকে জানাই সু-স্বাগতম ও আন্তরিক অভিনন্দন। সবাই ভাল থাকুন, সুস্থ ও নিরাপদে থাকুন এবং আনন্দে থাকুন। সবাইকে প্রীতি ও শুভেচ্ছা জানাই।

অনুপ দেওয়ানজী  
বিদায়ী সম্পাদক, আল্লজা



# ATMAJA FAMILY – A PERSPECTIVE

**RIDDHI NASKAR**

Before starting with giving my views we have to understand, what actually Atmaja family is?? We have to understand the term “ATMAJA”, what does that term tries to describe or explain. So, the term ‘ATMAJA’ basically describes a group of adoptive parents and children growing together with similar questions in mind and exploring of many new things at the same time. Now, adoption has grown popularly in West Bengal over the past few years. Atmaja is a voluntary organization. All members in this group are adoptive parents. There are different ways of adoption in different countries all over the world.

A registered community-based organization for adoptive parents in West Bengal is Atmaja Association of Adoptive Parents, working on issues related to adoption. In this field, Atmaja has been working with the following objectives since its establishment in 2000:

- To ensure the well-being of adopted children and also to help them protect their rights at the same time. As the laws are not different for biological and adoptive children, once they belong to the adopted family with proper documentation and paper works, then there is no such law which could abstain them from their rights.
- To establish networks, support groups and a forum for adoptive parents.
- Most importantly, to promote social awareness and consciousness about adoption in society.
- To assist the process of adoption by providing help to parents in the pre-adoptive stage through workshops and by communicating with other adoptive parents.
- To work towards the rationalisation of laws regarding adoption to ensure the best interests of the children and parents.

Now, I personally feel that children of Atmaja group are very lucky as we got parents, family, so many friends, sisters, brothers and most importantly Atmaja family through this group. In short, a kind of livelihood which we might not been able to get, if different families won't have adopted us few years back. Now-a-days, adoption might not be a normal thing but few years back long and time taking procedures are been taken for completion of the whole procedure. But today also its very prevalent in cities along with village areas that people want their own blood rather than adopting children who needs a family and life like other children in their surroundings.

Atmaja Association holds picnics, meetings, trips and other cultural programs for parents and children, so that the bonds could be stronger between the child and his/her parents. Atmaja's parents play a very important role in our crucial young days when are just growing and realizing our entity, that's the appropriate time to tell their child that how you came to us and from childhood one should be well-acquainted about their existence so that, later on things doesn't become much complicated to explain them. And, for sure someday he/she will know about their adoption if not from parents, then from others in family or neighborhood/friends for sure. And, it's the duty of the parents to keep cheering their children by saying that, “we are so glad that we adopted you”. Basically, we have to make them understand that you are very special and important in our life.

A child cannot really begin to understand adoption, until they grow older. And, in the growing period one has to go through several things which realizes them that how every particular adopted child is not different

from others, and most importantly parents should never give negative comments in their child's initial days of growing. Atmaja family teaches us that adoption is nothing of shame but knowing something different than what usually happens in the world. Atmaja family support each and every child to grow in their own way and every child has different talent in themselves. And while explaining the child about Atmaja family never make negative comments about his/her birth parents or suggest that they abandoned them easily. This could lead the children suffer from a sense of insecurity if they feel that their birth parents did not love them enough.

Legal grounds can safeguard a child on the basis of rights and equal treatment with other children in the society but mental and emotional side, which comes under psychological perspective cannot be safeguarded through laws. And that's where Atmaja family protects and safeguards their children and other adopted children from different sort of social and emotional hurdles or challenges which one might face in their growing age and also further in their life. Henceforth, some adopted children may suffer from a sense of insecurity. As equal importance has to be given to the psychological view of the adopted children along with legal rights.

“Adoption” term comes under Juvenile Justice (Care and Protection of Children) Act, 2015 and the act clearly briefs us by saying that it's a legal procedure through which adopted child will be permanently separated from his/her biological parents and becomes the lawful child of the adoptive parents with all rights, responsibilities and privileges that are attached to a biological child. Children who are orphan, abandoned or surrendered by their biological parents are declared legally free for adoption by Child Welfare Committee (CWC). The act also provides sections which deals with the punishment for those who might have ill intentions for adopting a child from any orphanage home, abandoned or surrendered by their biological parents as nobody will try to find / ask for them later on. But laws are powerful for minor child so that no wrong or criminal activities could be done by them.

Each and every Atmaja family has different way and procedure through which they teach their children moral ethics and needful behavior which one has to learn throughout their life. Now that's an exception where people in our surrounding affect us in different ways throughout our bringing up. Atmaja group try to help each other, through discussions, with the various problems/issues as well as share the joy of parenting with other parents while they are bringing up their own adopted children, i.e., us.

**“Nest living is very beautiful thing. Nest leaving is even more beautiful and that can be viewed same way. By the one who is leaving the nest as well as by the one who is watching the take-off from ground”**



# Anusha

Anjan Basu Chowdhury

We distinctly remember the day, 08 October 1996, when we brought Anusha (Chandni) home from the Missionaries of Charity, Mother's House. She was 4 months old then. Our life was filled with joy and blessed by the Almighty to have Anusha in our home.

Looking back, we became childless as we lost our only child due to mere negligence of a doctor. After that, we consulted many doctors, but failed. Nobody could show us the correct path so that we could be parents again. Meanwhile, my wife started collapsing as she could not take pain further. Suddenly we could see a ray of hope. We discussed within ourselves to adopt a baby and nourish him/her for the rest of our life. With that aim, we wrote a letter to Mother Teresa about our wish and she promptly replied approving our decision whole-heartedly. One fine morning, we visited Mother's House and completed all the formalities that were required.

Meanwhile, the home study was conducted. Then it was waiting and waiting. Almost everyday, with some hope, we either contacted them over phone or visited Mother's House. After a lapse of almost a year, I received a call from Sister Bernie from Mother's House directing me to see her immediately, as she could help us with a 4 months old baby girl. I was in the office, but wasted no time. I rushed to Mother's House in the afternoon and met Sister Bernie. I did not even have the time to inform my wife.

Sister Bernie asked me to wait and went inside. As she called me and I looked back, I saw a little girl wearing a pink dress on her arm. As I moved forward, she handed over the baby on my arm and I got like an electric shock to have the baby on my fold. I was shivering and my eyes were full of tears. It was a cute baby. I took my wife the next day and she was amazed too to see the baby and asked me when we could take the baby home.

After certain formalities, the baby was handed over to us on 08.10.1996. My mother, relatives, neighbours and friends and of course our landlord all welcomed Anusha heartily at home. Our journey started. We never knew how many sleepless nights went by. We both used spend the night looking at the baby as she was sleeping.

Anusha was very calm and quiet. She had a very cheerful personality. She loved visitors at home. My elder sister used to visit our home almost every alternative day for Anusha. She also liked my sister very much. In this way, the bonding with the baby grew up.

One evening the three of us were enjoying a walk in our locality when we saw that a magic show was going on. We were all watching it, but after few moments we realized that Anusha was not there. She left our hand and probably had gone somewhere. There was a main road which caused much alarm to us. We completely broke down and my wife started crying. After some time, my wife noticed a shadow moving forward and backward in an adjacent lane beside a sweet shop. My wife rushed and took Anusha on her lap. She had gone there chasing a cat.

I would like to share another interesting episode. My wife used to do pujas in the house and Anusha would follow her mother. One day, while my wife was doing puja, Anusha put my wife's sandals on a chair in another room and called me up. She said that she was also doing puja and I should bow my head. When I

asked about the God, she pointed at the sandals on the chair and asked me 'Nomo koro'. I had to do it. There are many such memories which will be difficult to state in this limited space.

Anusha did her schooling at St. Stephen's School in Dum Dum, passed the ISC examination and then studied Psychology Honours. She had wished to study for her Masters, but could not manage it due to financial constraints. She has been working with Wipro Limited in the Foreign Clients Management Section. Today, I am better known as 'Chinni's father' in our locality.

Anusha has been trained in Indian classical music. She is also good in drawing and glass-painting. We wish Anusha to become a good and well-mannered person in her life. We pray to the Almighty for her betterment as a person and to stay blessed.



[ I, along with my wife Anima and our daughter Anusha, have been associated with Atmaja since its beginning in the year 2000 as one of the founding members. I am happy to share our experiences with Anusha with the readers. ]

ছবি ঐকে পাঠিয়েছেন ... আত্মজা পূজা দত্ত ...



# গণিতাশ্রু

## অনুপ দেওয়ানজী

আমরা জানি ৫টা আপেল আর ৮টা আপেল মিলে  $৫+৮=১৩$ টা আপেল হয়। একটা ঝুড়িতে প্রথমে ৫টা আপেল এবং তারপরে ৮টা আপেল রাখলে, ঝুড়িতে মোট ১৩টা আপেল দেখা যায়। মুশকিল হল, ঝুড়িতে যদি ৫টা আপেল এবং তারপর ৮টা কমলা রাখি। ইংরাজী-জানা পণ্ডিতেরা বলবে, 'Apples and oranges do not mix'! অর্থাৎ কিনা, আপেল আর কমলা একসঙ্গে মেশানো যায় না। যদি যেত, তাহলে বাংলা সন্ধি করে আমাদের বলতে হত ঝুড়িতে ১৩টা কমলাপেল আছে। বড় বিচ্ছিরি শোনায়, তাই না! তার চেয়ে বড় সমস্যা হল, এই ১৩টা কমলাপেল-এর মধ্যে ক'টা আপেল আর ক'টা কমলা আছে, সেই হিসেবটা একদম গুলিয়ে যেত। মানে, ৫টা আপেল আর ৮টা কমলা যেমন হয়, তেমনই ৮টা আপেল ও ৫টা কমলা হতে পারে, বা ২টা আপেল ও ১১টা কমলা হতে পারে, বা আরও অনেক কিছু হতে পারে। তাহলে কিন্তু ব্যাপারটা একেবারে, যাকে বলে, ঘেঁটে ঘ হয়ে যাবে। অন্যদিকে, ঝুড়িতে ৫টা আপেল ৮টা কমলা যেমন পরিষ্কার দেখা যাচ্ছে, তাদের একত্রে “৫টা আপেল ও ৮টা কমলা”, বা “৫টা আপেল+৮টা কমলা”, বললে একেবারে ল্যাটা চুকে যায়; কোনও সমস্যাই থাকে না! দু'রকম জিনিস থাকলে এরকমভাবে বলাই রেওয়াজ; সহজও বটে। একেবারে আমাদের-সেই-মাথার-চুল-তুলে-দেওয়া বীজগণিতের (algebra-র) মত ইংরাজী হরফে  $5x+8y$  লেখা। এখানে  $x$  হল আপেল আর  $y$  হল গিয়ে কমলা। বীজগণিতের উৎপত্তি এখান থেকেই। যখনই তোমাকে দুই বা ততোধিক বিভিন্ন রকমের সামগ্রীকে সামগ্রিকভাবে ভাবতে হবে, তখনই বীজগণিতের দোহাই দিয়ে  $5x+8y+3z+....$ -এর মত করে লেখা যেতে পারে।

তবে একটা জিনিস মাথায় রাখতে হবে। যে সকল বিভিন্ন রকমের সামগ্রীকে একত্রে ভাবতে হচ্ছে, তাদের সকলের মাপের একক (unit) যেন একই হয়। এক্ষেত্রে যেমন আপেল ও কমলা দু'রকম সামগ্রীকেই সংখ্যা দিয়ে মাপা হয়। কিন্তু ৫টা আপেল আর ২ কেজি চালকে একত্রে দেখতে চাইলে একটু অসুবিধা হবে বৈকি। আরও অসুবিধাহবে যদি ২ কেজি চাল আর ৪ লিটার জলকে একসঙ্গে লিখতে চাও, যদিও ভাত রান্না করতে গেলে চাল ও জল একসঙ্গে মেশাতেই হবে। এই অসুবিধাটা আরও প্রকট হয়ে উঠবে যদি আমি ২ কেজি চাল আর ৩০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা একসঙ্গে ভাবতে বা লিখতে চাই। তাহলে দেখা যাচ্ছে আপেল ও কমলা যেমন একত্রে ভাবা বা লেখা যায়, সেরকমই (মা-বাবারা যতই বকুক না কেন) চাল ও ডাল, অথবা জল ও তেল, ভালভাবেই একসঙ্গে ভাবা বা লেখা যায়, অঙ্কের খাতিরে মেশানোও যায়।

এই আলোচনা থেকে যেটা বোঝা গেল যে দু'টি সামগ্রী যদি ভিন্ন এককে মাপা হয়, তবে তাদের বীজগণিতের মত যোগ করা যায় না। যেমন, ২ কেজি চাল আর ৫০০ গ্রাম ডাল একসঙ্গে যোগ করা যাবে না। তাদের একক একরকম করে নিয়ে লিখতে হবে “২০০০ গ্রাম চাল + ৫০০ গ্রাম ডাল”, বা “২ কেজি চাল + ০.৫ কেজি ডাল”। মুশকিল হল যখন ৫টা কলা আর ২ কেজি চাল বীজগণিতের মত একসঙ্গে লেখার প্রয়োজন হবে। সংখ্যা-একক আর কেজি-একক পরিবর্তন করে একটি সাধারণ এককে লেখা মুখের কথা নয়, মাথার ব্যাপার! একটা সমাধান সূত্র হল এই একক দুইটিকে টাকার অঙ্কে বা এককে লিখে ফেলা। দু'টো জিনিসেরই একটা করে দাম আছে। যেমন, একটা কলা যদি ৫ টাকা করে হয় এবং ১ কেজি চাল যদি ৫০ টাকা করে হয়, তাহলে ৪টা কলা আর ২ কেজি চালের একত্র মূল্য হবে ৫ গুণ ৪ + ৫০ গুণ ২ = ১২০ টাকা; একেবারে বাজারের হিসেব। কখনও ভেবেছ কি, এই সামান্য বাজারের হিসেবে কত অঙ্ক আর কত বীজগণিত লুকিয়ে আছে!

# নিয়মিত বিভাগ - পাখিদের কথা

প্রভাত কুমার চট্টোপাধ্যায়

পর্ব - ৬

## বনমালী ( Chestnut bellied Nuthatch )

বনমালী নামের মধ্যেই তার বিশেষত্ব লুকিয়ে আছে। বনমালী অর্থাৎ বনের মালী বা পালক বলা যায়। এরা গাছের পোকা খেয়ে গাছপালার প্রভূত উপকার করে থাকে। সেই সুবাদে তারা একরকম পালকের ভূমিকা পালন করে, অনেকটা মালীর কাজ করে, তাই বনমালী। এই পাখিদের একটা চলতি নাম আছে -- চোরপাখি। চুরি করার কোনো বদনাম নেই, তবে তারা চুপিসাড়ে গাছে গাছে ঘোরাফেরা করে খাবার খোঁজার মতলবে। তাদের গতিবিধি একটু অন্য ধাঁচের। নিঃশব্দে তারা চলাফেরা করে রাতের অন্ধকারে নানা ভঙ্গিমায় অনেকটাই দূরের কায়দায়। আবার গ্রামবাসীরা আদর করে তাদের নাম রেখেছে --- চোরপাখি। চড়ুইদের থেকে কিছুটা ছোট দেখতে। এরা সাধারণতঃ বড়ো বড়ো গাছের ওপর দিয়ে চলাফেরা করে। তাই চট জলদি এদের নজরে পড়েনা। ছোট্ট একটা পাখি এই বনমালী। লেজটি তার ছোট্ট। অবশ্য ঠোঁটটি তার তুলনামূলক ভাবে খানিক লম্বা, সুচালো আর কালচে। পিঠের পালক কালচে, তাতে নীলচে আভা। খুতনির অংশটুকু সাদাটে পালকের, আর বাকি শরীর গলা, বুক, পেট, তলপেটের রঙ গাঢ় বাদামী। নাকের কাছ থেকে চোখের ওপর দিয়ে কাঁধ পর্যন্ত টানা মোটা রেখা কালো পালকের। মেয়ে বনমালীদের পিঠের পালক কালচে নীল বটে, কিন্তু ছেলে বনমালীদের মতো গলা, বুক – পেটের রঙ যেমন, তা হয়না। হালকা বা ফিকে বাদামী বলা চলে। চোখের তারা গাঢ় বাদামী। আর পায়ের রঙ গাঢ় সবুজ। তাদের আগুল গুলো লম্বাটে ধরনের।

এই বনমালী পাখিদের চলাফেরার কায়দা দেখার মতো। তাদের চলার মধ্যে কাঠঠোকরার অনুসন্ধিৎসা, ইঁদুরের ক্ষিপ্ততা, গাছের ডাল বেয়ে নামা-ওঠায় এক অভিনব স্বভাবসিদ্ধ ক্ষমতা আছে। এরা সাধারণতঃ গাছের বাকলের ভেতর লুকিয়ে থাকা পোকা- মাঁকড় অনায়াসে ঠুকরে বের করে নিয়ে আসে। তারা ঠোঁট আর পায়ের সাহায্য নিয়ে এই কাজটা করে থাকে। এদের লেজটা ছোট বলে কাঠঠোকরার মতো লেজে ভর দিতে পারেনা। কিন্তু পায়ের আঙুলের গড়ন আর শক্তি দিয়ে এসব কাজ সহজেই করে ফেলে। বনমালী পাখিরা ওপরে - নীচে, -- ডাইনে – বাঁয়ে চলাফেরায় ওস্তাদ, তাই তারা এমনকি গাছের মগডালেও পোকাকর খোঁজে উঠে বসে। এরা খুব একটা মাটিতে চলাফেরা করেনা। তাই এদের দেখা মেলা ভার। তবে এরা যখন গাছের গায়ে ঠুকরে ঠুকরে পোকা বের করে, তখন অবশ্য বোঝা যায়, কোথায় আছে তারা। এরা গাছের কোটরে বা ফাঁকফোকরে বাসা বানায়। শুকনো ঘাসপাতা, খড়কুটো, চুল এসব জিনিসপত্র দিয়ে ডিমের জন্য গদি বানায়। এরা স্ত্রী – পুরুষ দুজনে মিলে ঘর- সঙসারের কাজ সামলায়।

বনমালী পাখিরা প্রধানত পোকা- মাঁকড়, শূককীট খেতে পছন্দ করে, এছাড়াও ফুলের বীজ, ফলের বীজ খেতেও ভালোবাসে।



ছবিটি ইন্টারনেট থেকে সংগৃহীত



It was the best of times, it was the worst of times, it was the age of wisdom, it was the age of foolishness, it was the epoch of belief, it was the epoch of incredulity, it was the season of Light, it was the season of Darkness, it was the spring of hope, it was the winter of despair, we had everything before us, we had nothing before us, we were all going direct to Heaven, we were all going direct the other way— “ A Tale of Two Cities ” ... Charles Dickens

আনুমানিক ৪৩০ খৃস্টপূর্ব ... এথেন্স এবং স্পার্টা'র মধ্যে শুরু হয় এক দীর্ঘ যুদ্ধ যার শেষ হয় সম্ভবত ৪০৪ খৃস্টপূর্ব । ঐতিহাসিকেরা এই যুদ্ধকে তিনটি স্তরে ভাগ করে দেখেছেন। যার তৃতীয় এবং শেষ স্তরে স্পার্টা'র সৈন্যবাহিনী এথেন্সকে ঘিরে রেখে অবরোধ করে রাখেন। এই সময় এথেন্স বাসীদের মধ্যে কিছু কিছু অদ্ভুত উপসর্গ দেখা দিতে থাকে ... জ্বর , অসম্ভব জল তৃষ্ণা , গলা আর জিভ রক্তবর্ণ হয়ে যাওয়া । বলা হয় এই অদ্ভুত অসুখে প্রায় এক চতুর্থাংশ এথেন্স বাসী মারা যান এবং শেষপর্যন্ত এথেন্স স্পার্টা'র কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হয়। কারোর কারোর মতে এই যুদ্ধে এথেন্সের পরাজয়ের একটা বড়ো কারণ এই অদ্ভুত মহামারি। সম্ভবত লিবিয়া , ইথিওপিয়া , ইজিপ্ট হয়ে এই অদ্ভুত অসুখ ( সম্ভবত টাইফয়েড ) এথেন্সের প্রাচীর ডিঙিয়ে পৌঁছে যায় এথেন্সে। যার শেষ পরিণতি আমরা এইমাত্র বলেছি।

যদি ও গবেষকদের মতে এই মহামারির কারণ টাইফয়েড না অন্য কিছু এই বিষয়ে মতবিরোধ আছে কিন্তু একটা বিষয়ে সবাই একমত যে মানবসভ্যতার ইতিহাসে এটাই প্রথম অতিমারি যা ইতিহাসের পাতায় লিপিবদ্ধ। ইতিহাস এইরকম প্রায় কুড়িটার কাছাকাছি অতিমারি লিপিবদ্ধ করে রেখেছে আজ অবধি । কিন্তু এই বিষয়েও কোন সন্দেহ নেই যে আরো অজস্র মহামারি , অতিমারি হোমোস্যাপিয়েনদের অগ্রগতির পথে বিভিন্ন সময়ে এসেছে যার কোন লিখিত ইতিহাস নেই আমাদের জানার জন্যে। আর এইসব অতিমারির মধ্যে ক্ষয়ক্ষতির পরিমাণ অনুসারে কিছু অতিমারি পৃথিবীতে মানবসভ্যতার ইতিহাসে খুব গুরুত্বপূর্ণ হিসাবে চিহ্নিত হয়ে রয়েছে। কোন কোন মতে ইতিহাস তথা মানবসভ্যতার মোড় ঘুরিয়ে দিয়েছে এই সব অতিমারি।

প্রথম পর্ব - ভুলে যাওয়া কিছু ইতিহাস

জাস্টিনিয়ান প্লেগ

বাইজান্টাইন সম্রাট জাস্টিনিয়ানের রাজধানী কনস্টান্টিনোপলে ৫৪১ খৃষ্টাব্দে এসে পৌঁছায় এই অসুখটি সুদূর ইজিপ্ট থেকে ভূমধ্যসাগর বেয়ে। মনে করা হয় ইজিপ্ট থেকে সম্রাটের উদ্দেশ্যে খাদ্য ও শস্য জাহাজে করে আসার সময় এই অসুখে আক্রান্ত কিছু ইঁদুর নিয়ে আসে এই মারাত্মক ছোঁয়াচে অসুখ। ইয়ারসিনিয়া পেস্টিস সামান্য ব্যাক্টেরিয়া যিনি দায়ী এই প্রাণঘাতী অসুখের জন্যে। শুধু এই জাস্টিনিয়ান প্লেগ নয় ... বলা হয় পৃথিবীতে অন্তত তিনটি ভয়াবহ অতিমারি এসেছে এই আপাত ক্ষুদ্রাতিক্ষুদ্র ব্যাক্টেরিয়ার হাত ধরে এবং সম্ভবত ইউরোপ তথা পৃথিবীর সাংস্কৃতিক , রাজনৈতিক এবং সামাজিক গতি প্রকৃতির উপরে প্রভাব ফেলে এই তিনটি অতিমারি। এই আলোচনায় পরে আসব। আপাতত এটা মনে রাখি যে কনস্টান্টিনোপল কে ধরাশায়ী করে এই প্লেগ এরপর দাবানলের মত ছড়িয়ে পড়ে সমগ্র ইউরোপ , এশিয়া , নর্থ আফ্রিকা এবং আরব দেশে । প্রায় তিন কোটি থেকে পাঁচ কোটি মানুষের মৃত্যু হয় এই অতিমারিতে। তৎকালীন পৃথিবীর সমগ্র জনসংখ্যার নিরিখে প্রায় অর্ধেক। মারা যাবার মত আর কেউ বাকি ছিলোনা সেদিন ... এভাবেই ইতিহাস বর্ণনা করেছে এই অতিমারির। ইতিহাসের অধ্যাপক টমাস মকটিস বলছেন মানুষের কোন ধারণাই ছিলোনা কীভাবে এই অসুখের

মোকাবিলা করবে। একমাত্র অসুস্থ মানুষকে সম্পূর্ণ এড়িয়ে চলা ছাড়া আর কোন উপায় কেউ জানতেনা সেদিন । কীভাবে চলে গেল এই অতিমারি ? ঐতিহাসিক বলছেন সম্ভবত অধিকাংশ মানুষ এই অসুখে আক্রান্ত হয়ে যারা বেঁচে রইলো তাদের মধ্যে তৈরি হওয়া হার্ড ইমিউনিটি বা প্রতিরোধ ক্ষমতাই শেষপর্যন্ত থামিয়ে দেয় এই অসম যুদ্ধ । ইতিহাসের পাতায় এই অতিমারি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এরপরেই ইউরোপের মানুষ ভাবতে থাকেন যে ঈশ্বর তাদের পাপের শাস্তি হিসাবে এই মারাত্মক অসুখটি পৃথিবীতে পাঠিয়েছেন। স্বভাবতই যে ভাবে ছড়িয়ে পড়েছিল অসুখ প্রায় সেভাবেই এরপরে খৃষ্টধর্ম প্রসারিত হতে থাকল সারা ইউরোপ জুড়ে ।

## ব্ল্যাক ডেথ

মনে রাখতে হবে প্লেগ তখনকার মত চলে গেলেও পৃথিবী থেকে একেবারে মুছে গেলনা সে। প্রায় আটশো বছর পরে ১৩৪৭ খৃষ্টাব্দে সে ফিরে এলো আরো মারাত্মক ভাবে আর এবার প্রায় চার বছর ধরে পৃথিবীর বুকে নিয়ে লিন প্রায় কুড়ি কোটি মানুষের প্রাণ । ইতিহাস বলছে তখনো মানুষের কোন ধারণাই ছিলোনা কীভাবে অতিমারির মোকাবিলা করতে হয় । সে শুধু একটা বিষয় বুঝেছিল যে অসুস্থ মানুষের কাছাকাছি এলে বা ঘনিষ্ঠ হওয়ার সাথে এই অসুখটির একটা সম্পর্ক আছে। এটা বুঝেই ভেনিসের অধীনে থাকা বন্দর শহর রাগুসাতে উচ্চপদস্থ আধিকারিকেরা একটা নিয়ম চালু করলেন যে নতুন যে কোন নাবিক এলে তাকে বাধ্যতা মূলক ভাবে আইসোলেশনে থাকতে হবে যতদিন না পর্যন্ত নিশ্চিত ভাবে বোঝা যাবে যে সুস্থ। এরপরে প্রথমে ভেনিসের আইনে এই আইসোলেশনের জন্যে আইন করেই ৩০ দিনের নিয়ম করা হয় যাকে বলা হত ট্রিনিটো আইন। পরে এই সময় সীমা বাড়িয়ে করা হয় ৪০ দিন অথবা আইনের পরিভাষায় কোয়ারান্টাইন আইন। এখান থেকেই এলো আমাদের আজকের এই কোয়ারান্টাইন বিধি।

## দ্য গ্রেট প্লেগ অফ লন্ডন

ব্ল্যাকডেথ এর প্রকোপ থেমে গেলেও ও এই প্লেগের শেষ আমরা দেখতে পেলাম না। ইতিহাস বলছে এর পরে তিনশো বছর ধরে ব্রিটেনে প্রতি দশ বছর পরে পরে সে ফিরে এসেছে প্রায় গোটা চল্লিশ বার । এই তিনশো বছর ধরে লন্ডনের প্রায় কুড়ি শতাংশ মানুষ মারা গেলেন এই অতিমারির কারণে । অবস্থা এমন পর্যায়ে চলে যায় যে ইংল্যান্ড ষোড়শ শতাব্দীর শুরুতে বাধ্য হয় নানারকম বিধি নিষেধ নিয়ে আসতে । সমস্ত রকম প্রমোদ অনুষ্ঠান বন্ধ করে দেওয়া হয়। আক্রান্তদের গলায় ঘন্টা ঝুলিয়ে দেওয়া হতে লাগল যাতে মানুষ দূর থেকেই সতর্ক হতে পারে। কোন বাড়িতে কেউ আক্রান্ত থাকলে সেই বাড়ির অন্য কোন সদস্য যদি বাইরে আসেন তাহলে তাকে একটা সাদা লার্ঠি নিয়ে বের হতে হত। এছাড়াও আক্রান্তদের বাড়ি সিল করে দেওয়া হত যাতে কেউ বাইরে না আসতে পারেন । ১৬৬৫ সালে এই প্লেগ শেষবারের মত আছড়ে পরে লন্ডন শহরে এবং প্রায় লক্ষাধিক মানুষের মৃত্যুতে শেষ হয় এই প্লেগের ধ্বংসলীলা।

এই তিনটি অতিমারি কিন্তু ইউরোপের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিল। প্রথম দিকে খৃষ্টধর্মের প্রসার বৃদ্ধি পেলেও ব্ল্যাকডেথ এর অভিজ্ঞতা ইউরোপের সাধারণ মানুষের সাথে চার্চ এর দূরত্ব তৈরি করল অনেকটাই। বিশেষ করে যাজক সম্প্রদায়ের প্রতি মানুষের আর সেই বিশ্বাসটা রইল না ( The Black Death and its impact on the Church and Popular Religion ... McLaurine H. Zenter ) এর ফলে গোঁড়া রোমান ক্যাথলিক দৃষ্টিভঙ্গি থেকে মানুষ ক্রমশ দূরে সরে যেতে থাকে । আমরা জানিনা এই ঘটনাই পরবর্তী সময়ে ইউরোপের রাজনৈতিক এবং আর্থসামাজিক প্রেক্ষাপটে সেপারেশন অফ চার্চ অ্যান্ড স্টেট এই ভাবনার সূত্রপাত করে কিনা । তবে এই বিষয়ে কোন সন্দেহ নেই এর পরে ইউরোপ ঘুরে দাঁড়াতে শুরু করে ... মধ্যযুগীয় অন্ধকারাচ্ছন্ন রাত পার হয়ে শুরু হয় এক নতুন যুগের ... সাহিত্য , দর্শন , বিজ্ঞান , শিল্পকলা সমস্ত বিভাগেই শুরু হয়ে যায় নিয়মিত চর্চা এবং পরবর্তী সময়ে আসে শিল্পবিপ্লব।

আরো একটি কথা যদি আমরা এখানে না বলি তাহলে হয়ত অন্যায়ই করা হবে এই সমকালের প্রতি। ১৬৬৫ সালে কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায় প্লেগের কারণে। সপ্তদশ শতাব্দীর উজ্জ্বলতম নক্ষত্র স্যার আইজ্যাক

নিউটন তখন তেইশ বছরের যুবক। তাঁকে এই অবস্থায় ফিরে আসতে হয় বাড়িতে । এবং বলা হয় এই সময়টা নিউটনের জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রোডাক্টিভ । এই অবকাশে তিনি ক্যালকুলাসের তত্ত্ব এবং গতিসূত্র আবিষ্কারের প্রাথমিক কাজ সেরে ফেলেন। পরবর্তী সময়ে এই কাজই তাঁকে বিখ্যাত করেছিল এই পৃথিবীর বুকে।

“দুর্ভাগ্যের সাথে লড়াই এবং প্রদীপ হাতে এক নারী”

আমরা এর আগের পর্বে দেখেছি । অজানা অসুখ এবং তার হাত ধরে আসা অতিমারি নিয়ে বিশেষ কোন ধারণা না থাকার জন্যে বেশির ভাগ ক্ষেত্রেই মানব সভ্যতা দেখেছে মানুষের অসহায় আত্মসমর্পণ। লড়াই বলতে ছিল শুধু এড়িয়ে যাওয়া ... অসুস্থ মানুষের সাথে দূরত্ব রেখে থাকা। ষোড়শ শতাব্দীর শুরুতে গুটি বসন্তের আবির্ভাব এবং শুরু হল মানুষের ঘুরে দাঁড়ানোর লড়াই।

গুটিবসন্ত - ধ্বংসস্তূপ থেকে বের হয়ে এলো রূপোলী আলোর রেখা

ষোড়শ শতাব্দীর প্রথম দিকে দেখা দিল এই নতুন মহামারি ঔপনিবেশিক আগ্রাসনের হাত ধরে। প্রথমে স্পেনীয়রা যখন ক্যারাবিয়ান দ্বীপপুঞ্জ উপনিবেশ স্থাপন করে তারা এসে এই অসুখ ছড়িয়ে দেয় স্থানীয় মানুষদের মধ্যে । এরপরে ইংরেজরা যখন আমেরিকাতে এসে উপনিবেশ স্থাপন করে তারাও এই অসুখ ছড়িয়ে দেয় স্থানীয় মানুষদের মাঝে। স্থানীয় মানুষ যারা প্রথম এই রোগের কবলে এলো তাদের শরীরে এই রোগের প্রতিরোধ করার কোন ক্ষমতাই ছিলোনা । যার ফলে এই অসুখে তাদের মধ্যে মৃত্যুর হার প্রায় নব্বুই শতাংশ অবধি চলে যায় । এতটাই মারাত্মক ছিল এই অতিমারির কোপ যে ঐতিহাসিক মকেটিস এর মতে প্রায় এক কোটির উপরে জনসংখ্যা এই অতিমারির প্রকোপে নেমে যায় মাত্র দশ লক্ষে।

এরপরে তিনটি শতক জুড়ে চলে এই গুটিবসন্তের তান্ডব যার মূলে ছিল Variola Major আর Variola Minor নামে একই ভাইরাসের দুটি ভ্যারিয়েন্ট যতক্ষণ না অষ্টাদশ শতাব্দীর ১৭৯৬ সালে আমরা দেখা পেলাম ডঃ এডওয়ার্ড জেনার নামে এক যুগান্তকারী মানুষের । ডঃ জেনার প্রথম লক্ষ্য করলেন একজন দুধ ওয়ালা যিনি অপেক্ষাকৃত কম ক্ষতিকর কাউপক্সে আক্রান্ত তার মধ্যে এই স্মল পক্সের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা রয়েছে। এরপরে তিনি তাঁর বাগানের মালীর ৯ বছরের ছেলের শরীরে কাউপক্সের জীবাণু প্রবেশ করিয়ে তাকে গুটি বসন্তে আক্রান্ত একজনের সংস্পর্শে এনে দেখলেন যে ছেলেটি অসুখটিকে প্রতিরোধ করতে সক্ষম । গুটিবসন্ত হল পৃথিবীর প্রথম ভাইরাস ত্যাগিত মহামারি যার শেষ এলো একটি ভ্যাকসিনের আবিষ্কারের মাধ্যমে। চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে এ এক ভীষণ গুরুত্বপূর্ণ ঘটনা। ১৮০১ সালে ডঃ জেনার ভবিষ্যৎ বাণী করেছিলেন যে হয়ত আমরা এই ভ্যাকসিনের আবিষ্কারের মধ্যে দিয়েই এই প্রাণঘাতী ছোঁয়াচে অসুখটির থেকে পরিত্রাণ পাব একদিন । ডঃ জেনারকে সত্যি প্রমাণ করে ১৯৮০ সালে WHO পৃথিবী থেকে এই গুটিবসন্তের বিদায় ঘোষণা করেছে।

কলেরা - স্বাস্থ্য গবেষণায় এক নতুন দিগন্তের উন্মোচন

উনবিংশ শতাব্দীর শুরু থেকে মধ্যভাগ অবধি কলেরা এই পৃথিবীতে এক প্রাণঘাতী অসুখ হিসাবেই ছিল । ইংল্যান্ডে হাজার হাজার মানুষ এই অতিমারিতে প্রাণ দেয় । তখন মানুষের ধারণা ছিল বাতাসে এই অসুখের জীবাণু ছড়িয়ে যায়। এই ভুল ততদিন ভাঙেনি যতদিন না ডঃ জন স্নো খেয়াল করলেন যে পানীয় জলের সাথে এই অসুখটির একটা সম্পর্ক রয়েছে । ডঃ স্নো প্রায় গোয়েন্দাদের মতই অনুসন্ধান শুরু করলেন । হাসপাতাল থেকে হাসপাতাল ঘুরে ঘুরে , মর্গে মর্গে ঘুরে তিনি কলেরায় আক্রান্ত লোকদের একটা ভৌগোলিক চার্ট তৈরি করলেন আর এইভাবে তিনি একটা ক্লাস্টার পয়েন্ট চিহ্নিত করলেন লন্ডনের ব্রড স্ট্রীট পাম্পকে কেন্দ্র করে যেখানে পাঁচশোর বেশি মানুষ একসাথে আক্রান্ত । এরপরে অনেক সাধ্য সাধনা করে তিনি স্থানীয় অধিকারিকদের বোঝাতে সক্ষম হলেন যাতে এই জলের পাম্পের হ্যান্ডেল পাল্টে দেওয়া হয় । এরপরেই প্রায়

ম্যাজিকের মত এই ইনফেকশন কমে গেল । ডঃ স্লো হয়ত কলেরা সারাতে পারেন নি এভাবে কিন্তু সারা পৃথিবীতে এরপরে শহর অঞ্চলে স্যানিটেশন এবং পানীয় জল সংরক্ষণের কাজ শুরু হয়ে যায় । স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এক অভূতপূর্ব উন্নতি দেখা গেল তারপর থেকেই। আজ উন্নত দেশগুলি এই কলেরার হাত থেকে সম্পূর্ণ মুক্ত বলা যায়। কলেরা এরপর শুধু তৃতীয় বিশ্বের দেশ গুলির মধ্যেই সমস্যা হয়ে রয়ে গেছে। ঊনবিংশ শতাব্দীর শেষে এবং বিংশ শতাব্দীর শুরুতে কলেরা মহামারি হিসাবে ভারতে দেখা দেয় বেশ কয়েকবার এবং পৌঁছে যায় আমাদের শহরের সংস্কৃতির পীঠস্থান ঠাকুর বাড়ির দোরগোড়ায় । ঠাকুর বাড়ির কথা যখন এসেই পড়ল তখন রবীন্দ্রনাথের কথা না বললে হয়ত অন্যায্যই হবে। কিন্তু তার আগে অন্য একজনের নাম নিয়ে এই পর্ব শেষ করতে চাই ... যার নাম ক্লোরেন্স নাইটেঙ্গেল – The Lady with the lamp .

ক্লোরেন্স নাইটেঙ্গেল ১৮২০ সালে এক অভিজাত ব্রিটিশ পরিবারে জন্মগ্রহণ করেন ইতালির ক্লোরেন্স শহরে । সেই সময়ের অন্যান্য ইংরেজ মহিলারা যা করতেন তিনিও যদি সেটা অনুসরণ করতেন তাহলে তিনি কোন অভিজাত ইংরেজ পুরুষকে বিয়ে করে সংসার করে ছেলে মেয়েদের জন্ম দিয়ে তাদের মানুষ করেই দিন কাটিয়ে দিতে পারতেন। কিন্তু তিনি এই সুখের নিশ্চিত জীবনের মধ্যে নিজের সার্থকতা খুঁজে পেলেন না । পরিবারের বিরুদ্ধে গিয়ে নিজেকে নার্স হিসাবে শিক্ষিত করে তুললেন এবং শেষপর্যন্ত এই নার্সের পেশাই বেছে নিলেন নিজের জন্যে । ১৮৫৩ সালের বিখ্যাত ক্রিমিয়ার যুদ্ধে ( যে যুদ্ধে ফ্রান্সের হাতে রাশিয়া পরাজিত হয়েছিল ) তাঁর লড়াই এবং লড়াইয়ের স্বীকৃতি হিসাবে তাঁকে এই বিশ্ব আজ একবাক্যে চিনেছে The Lady with the lamp হিসাবে । মহামারি বা অতিমারির সঙ্গে প্রত্যক্ষ ভাবে লড়াই না করলেও যুদ্ধের সময়ে তিনি দেখেছিলেন মিলিটারি হাসপাতালগুলোতে অজস্র মানুষ মারা যায় শুধু কলেরা , টাইফয়েড এইসব ছোঁয়াচে অসুখে ... যুদ্ধের কারণে মারা যায় খুব কম। এর প্রধান কারণ হিসাবে তিনি পর্যবেক্ষণ করেছিলেন ... অপরিচ্ছন্ন অস্বাস্থ্যকর পরিবেশ । এবং মূলত হাত ধোয়া , পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা এবং স্যানিটেশন এর মাধ্যমে আজ এই অতিমারির বিরুদ্ধে যে লড়াই আমরা করছি তার সূত্রপাত তাঁর হাত ধরেই হয়েছিল। এবং এইজন্যেই অতিমারি নিয়ে এই প্রবন্ধে আমি তাঁকেও বিশেষ ভাবে স্মরণ করতে চাইলাম আজ । ( ক্রমশ )

[ করোনা অতিমারির দুঃস্বপ্ন আমরা পার হয়ে এসেছি। ইতিমধ্যেই প্রায় ভুলতে বসেছি সেই আশঙ্কা আর আতঙ্কের দিন। হয়ত আবার কোন একদিন পৃথিবীর বুকে নতুন কোন অতিমারি এলে আমাদের মনে পড়বে এই করোনার কথা। যেমন করোনার সময়ে আমাদের মনে এসেছিল একসো বছর আগের স্প্যানিশ ফ্লু'এর কথা। এভাবেই সভ্যতার শুরু থেকে অতিমারির ইতিহাসের একটা সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরার প্রয়াস এই তিন পর্বের নিবন্ধ – “যুদ্ধজ্বর”। আজ ছিল তার প্রথম পর্ব ]

“নগরীর রাজপথে মোড়ে-মোড়ে চিহ্ন প’ড়ে আছে;  
একটি মৃতের দেহ অপরের শবকে জড়ায়ে  
তবুও আতঙ্কে হিম—হয়তো দ্বিতীয় কোনো মরণের কাছে”



# TELLING THE CHILD ABOUT ADOPTION

Nina P. Nayakm.s.w.<sup>1</sup>

Child Rights Advocate

Informing the child that she is adopted is often referred to as 'telling'. In the western world, it is a common practice to inform children of their adopted status. Adoption agencies offer much counseling and adoptive parents support groups make the task of 'telling' easier and without much inhibition. Open adoptions are also becoming an acceptable trend with the birth and adoptive parents communicating with each other in the child's best interest.

In India, as most of us are aware, the name of the game with most adoptions has been 'utmost secrecy'. This is particularly so among families who pick up children in secrecy from hospitals, nursing homes, orphanages or from relatives. Even among those who adopt children legally and have undergone a home-study, are exposed to the media and more modern thought on adoption, are diffident to make the disclosure to the child. The fact that the children are infants or a little older and making the revelation is some years away convinces parents to remain silent on the subject. With their growing attachment to the adopted child, accentuates this idea and they tend to reject the difference as they feel like a normal family.

Another category of adoptive families is those who acknowledge the difference and openly accept their child's adoptive status. They have the ability to acknowledge the biological parents in a non-judgmental manner and are conscious that adoptive parenting requires just that little bit more and involves tasks over and above reasonable parenting.

## **How are some adoptive parents able to easily assume an 'adoptive parent' identity?**

Like all parents, these adoptive parents have their child's well-being uppermost in their minds. They realize that every relationship is based on trust therefore their child needs to know the truth about his origins. Openness is the key word in their relationship with the child and they treat 'telling' not as a one-time event but a continuous process.

## **Why do adoptive parents shy away from the 'telling' the child about their adoption?**

Research and experience have indicated that it is basically a feeling of insecurity and a fear of rejection by the child that holds back adoptive parents from 'telling' the child. They feel that the discovery of the birth parents may alter the child's loyalty towards them.

Further, most adoptive parents in India assume parenting roles, having suffered from the trauma of infertility, and decide to adopt while still in the throes of grief. They often harbor unresolved feelings of loss about childlessness and infertility and do not wish to open these raw wounds by talking about adoption.

Traditionally too, our society encourages 'closed adoptions' and considers the need for anonymity for both the child and the birth family so that they have an opportunity to make a new life. This they believe would hide the illegitimacy or whatever be the antecedents of birth and thus spare them and the child a lot of the associated embarrassment and stigma.

Finally, adoptive parents' apprehensions centre on the fact that any association or contact with the child's past may adversely affect the growth and development of the psychological parent-child relationship and the child may fail to bond with them.

For one or more of these reasons therefore 'telling' the child is considered a threat to the relationship and information about the child's biological family is considered best left unmentioned.

---

<sup>1</sup>Adapted version -first published in 1994.

## Not 'Telling' the Child

The media is full of stories about adoption and not all the information the child is exposed to is factual or complimentary to the concept of adoption. Further, there is always the risk that the child hears about his adoption from a third party in a distorted manner and this can leave indelible scars on the child's psyche. Nothing could be more tragic to adoptive parents than the severing of their relationship with their child whom they have nurtured with immense love and is generally the centre of their lives. Children on the other hand, when not told about their adoptive status are known to feel betrayed by those in whom they had implicit trust. Disclosure through a third party or accidentally have in many cases, shaken the very foundation of a lovingly nurtured parent-child relationship.

Perhaps parents may benefit from the tragic experiences of adoptees who were shattered by accidentally hearing the truth at fourteen, fifteen, sixteen or later. They have felt nothing but bitter resentment and hatred towards their parents and their behavior appears apparently heartless. To mention a few case studies:

*Fourteen-year-old Raja ran away from home after being reprimanded about his poor academic performance. On talking with his parents, they revealed that their affectionate son, their only child was adopted as a toddler, but his adoptive status had never been disclosed to him. Some months previously, while the parents were attending a wedding, an elderly aunt had remarked in the presence of the boy, "Who will say you took him from an orphanage? He looks so much like his father". Seeing the boy's ashen face, the mother immediately changed the subject and never brought it up again. Three months later, the boy ran away and was not to be found even after four years.*

*Ramya aged sixteen was in the queue awaiting her turn to be interviewed for admission into a medical college. Accompanying her was her older cousin who out of boredom at the long wait, decided to disclose Ramya's adoptive status to her. The girl went through the interview, was devastated on learning about her birth history and on return home accosted her parents for hiding the truth. She could not come to terms with the web of lies her parents have woven around her birth. The parents had to literally move heaven and earth and offer explanations through the support of family and friends to enable their daughter to come to terms with her adoptive status. The relationship remained somewhat strained even through adulthood.*

*A telephone call from a birth relative to twenty-year-old Samuel put an end to what was a close bond he shared with his adoptive parent. Eager to know more about his birth family, his search took him to their home, leaving his parents feeling anxious and rejected. Having lost his trust in the adoptive parents, though living with them, he refused to share this part of his life with them. "Why didn't you tell me earlier?" is his constant refrain.*

## Child Development and the Child's Understanding of Adoption

The adopted child's development into a happy and well-adjusted personality depends to a large extent upon the role played by her parents. An understanding and sympathetic approach to the child's antecedents enables children to talk freely about their feelings with parents and come to terms with their past. Most of all, parents can reinforce the idea of their being wanted and loved by them and contributes immensely to building a positive self-image and strengthening the parent-child bonding.

To support adoptive parents', understand their children's needs to know their past, Brodzinsky<sup>2</sup> (1994) has categorized children's understanding of adoption into different levels which broadly coincide with the varying stages of development.

From about **three to five years**, children cannot differentiate between adoption and birth and by the time they are seven they can see the difference but do not understand why they themselves were adopted. They see their adoptive status as a good thing and feel secure. This would be the ideal time to introduce the subject and talk about it in a simple and realistic way.

This will help children get accustomed to the idea while they are too little to think about it greatly.

*Our daughter, at about four years when talked about her adoptive status, divided the world of children into two sets - those who grew in their Mummy's tummy and those who came from the Foundling Home. She would repeatedly ask the same question for months thereafter whenever she met new children. This was to be a passing phase.*

---

<sup>2</sup> David

Brodzinsky [https://www.researchgate.net/publication/232541380\\_Children's\\_Understanding\\_of\\_Adoption\\_Developmental\\_and\\_Clinical\\_Implications](https://www.researchgate.net/publication/232541380_Children's_Understanding_of_Adoption_Developmental_and_Clinical_Implications)

When aged between **eight- and nine-years** children, begin to fantasize and think about their birth parents when frustrated with their adoptive parents. All too often birth parents can become all loving and all permissive and adopted parents are seen as uncaring and unloving. These ideas are abandoned once children accept that they can love and hate the same person. This stage is referred to as 'adoptive grieving' and is an important stage in a child's psychological development.

At **ten to eleven years**, their understanding of adoption broadens, and they appreciate the uniqueness of their family status. Many children at this age are heard to state proudly that they have two sets of parents. Deeper concerns and issues are voiced, and parents are morally obliged to answer and clarify these matters while placing the birth parents in a positive light.

At **thirteen or fourteen** years, children begin to comprehend the concept of adoption. The adolescent period is noted for its difficulties-attainment of puberty and searching for one's own unique identity. Adoptees often experience a deep emotional turmoil heightened by lack of information provided by the parents or their reluctance to disclose anything but the essential. They tend to turn to friends for information and solace, and it is unlikely that they will receive the right answers. Researchers therefore argue that children need to feel secure before their teens when questions of identity arise when they can imagine the worst.

### **Adoptive Family Groups**

Being in touch with other adoptive parents and joining adoptive parents' groups is a sure way of enabling the adoptee to understand the concept of adoption and befriend others who share a similar fate. For adoptive parents too, such groups provide much support and an opportunity to air concerns and discuss issues of mutual interest.

### **Conclusion**

The 'telling' is therefore crucial to an adoptee's psychological well-being. Yet most adoptive parents continue to hesitate to do so in a timely manner. The common refrain social workers often hear is:

*"Yes, he must know about it but now he is too young"*

*"Perhaps next year just before he enters school"*

*"His school finals are approaching, it's better to wait till it gets over".*

*"She's happily married and has a family of her own. Why upset the applecart now?"*

There can never be checks on how and when adoptive parents 'tell' their chosen children. However, parents must resolve to 'tell' them when they can still offer their shoulders to them to lean on. Delaying the 'telling' may make it too late...

**Beauty is Truth's Smile**




# Annual Picnic 2023




**8<sup>th</sup> January 2023 ... we celebrated our annual picnic with joy and fun ... we celebrated the memories of Subir Mukhopadhyay who was physically not there but he was all along with us in our heart !!**




## Drawing by our children at the Picnic Ground....



### Arunmoy Kundu – 3 ½ Years



### Driti Roy - 2 Years




### Prapti Tiwari – 4 Years



### Swayambhu Patra – 6 Years



### Toushini Das – 4 Years



### **Monoja Roy – 2 Years**

# Updates from AGM 2023



## *Newly Elected Executive Committee ... 2023 - 2025*

Chairperson : AnupDewanji  
Vice-Chairperson : Anjan Bose Chowdhury  
Secretary : Sanjay Sikdar  
Asst. Secretary : SankarNaskar  
Treasurer : Prasun Ganguly

EC Members : Subir Banerjee  
: Nilanjana Dasgupta  
: Achin Basu  
: Dipankar Patra  
: Sanghamitra Pal  
: Sheemantika Nag  
: Kaustuv Bhattacharya  
: P K Chattopadhyay

এই শাদা পাতা থেকে একদিন জন্মেছে সংকেত  
একটি গাছ কিংবা এক ভূমধ্যসাগর অগোছালো  
নিশ্চিত বসন্ত যেন তাড়া-থাওয়া রক্তচক্ষু প্রেত  
এই শাদা পাতা থেকে একদিন জন্মেছে সংকেত...  
শুদ্ধ আলো।

যোগাযোগ- 9903036928 / 9432321716 / 9051672992

ই মেল - [atmaja\\_calcutta@yahoo.com](mailto:atmaja_calcutta@yahoo.com) ওয়েবসাইট - [www.atmaja.org.in](http://www.atmaja.org.in)

Regd.No. S/1L/1184 of 2000-01 under W.B.Societies Act 1961